

আহমদীয়া মুসলিম জামা'তের প্রধানকে ডেনমার্কে স্বাগত জানালেন
হভিডোভরি শহরের মেয়র
বৈঠককালে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেছেন বর্তমান সময়ের সংকটময়
বিষয় হল বিশ্ব শান্তি প্রতিষ্ঠা



৫ মে ২০১৬ নিখিল বিশ্ব আহমদীয়া মুসলিম জামাতের প্রধান পঞ্চম খলীফা হযরত মির্যা মসরুর আহমদ (আই.)-কে ডেনমার্কের হভিডোভরি শহরের মেয়র অনারেবল হেলে এডেলবর্গ, এবং কাউন্সিলরবৃন্দ অ্যানিট সিয়োবেক, মারিয়া ডুরহুস, কেনেথ ক্রিস্টেনসেন ও কাশিফ আহমদ স্বাগত জানান।

কোপেনহেগেনের নুসরত জাহান মসজিদ এ অনুষ্ঠিত ৩০ মিনিটের সভায় মেয়র বলেন যে, সম্মানিত হুয়ুর (আই.)-কে আবার স্বাগত জানানোর সুযোগ হেভিডোভরির জন্য “একটি মহান সম্মান ও গৌরবের উৎস”।



আহমদী মুসলমানদের নিপীড়ন সম্পর্কে এক প্রশ্নের জবাবে সম্মানিত হুযূর ব্যাখ্যা করে বলেন যে আহমদী মুসলমানরা নির্দিষ্ট কিছু মুসলিম দেশে নিপীড়নের সম্মুখীন হচ্ছে, এর মধ্যে উল্লেখযোগ্য হল পাকিস্তান। তদুপরি আল্লাহ তায়ালায় অশেষ কৃপায় আহমদীয়া মুসলিম জামা'তের অগ্রযাত্রা অব্যাহত রয়েছে।

সাক্ষাৎকালে সম্মানিত হুযূর “বিশ্ব শান্তি প্রতিষ্ঠার উদ্দেশ্যে ঐক্যবদ্ধ হওয়া”-র প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করেন এবং মত প্রকাশের স্বাধীনতার বিষয়টিও উল্লেখ করেন।



হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“আমি সবসময় বলেছি যে বাক স্বাধীনতা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, কিন্তু, এরপরও এক পর্যায়ে এসে আপনাকে সীমারেখা টানতে হয় কেননা এমন কটুবাক্য ব্যবহার করা সঙ্গত নয় যা অন্যের অনুভূতিতে আঘাত হানে বা ক্ষোভের সঞ্চার করে। আমাদেরকে আমাদের মধ্যে মিলগুলোর উপর জোর দিতে হবে যাতে আমরা পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠা করতে পারি।

এর ব্যাখ্যায় সম্মানিত হুযূর পোপ ফ্রান্সিসের গত বছরের মন্তব্যের উল্লেখ করেন যেখানে তিনি বলেছিলেন যে তাঁর সবচেয়ে অন্তরঙ্গ বন্ধুও যদি তাঁর (পোপের)মাকে গালি দেয় তবে তার ঘুশি খাওয়ার জন্য প্রস্তুত থাকা উচিত।

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“পোপ মানুষের আবেগ-অনুভূতি রক্ষা করার চেষ্টা করেছেন এজন্য তাঁর প্রশংসা করা উচিত এবং আমি বিশ্বাস করি যে তিনি খ্রিস্ট ধর্মের সত্য শিক্ষা অনুসরণের চেষ্টা করেছেন।

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) আরো বলেন:

“পবিত্র কুরআন এই শিক্ষা দেয় যে, ধর্মে কোন জোর জবরদস্তি নেই আর একজন মানুষের বিশ্বাস তাঁর এবং সর্বশক্তিমান খোদার মধ্যে সীমাবদ্ধ থাকে। আমরা যদি একে অপরকে সম্মান করার নীতির উপর প্রতিষ্ঠিত থাকি তবে আমরা শান্তি প্রতিষ্ঠা করতে পারবো।